

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৬১৪

আগরতলা, ২৬ অক্টোবর, ২০২৪

ত্রিপুরা শান্তিনিকেতন মেডিকেল কলেজ এবং  
প্রস্তাবিত হাসপাতালের তদারকি করবে স্বাস্থ্য দপ্তর

ত্রিপুরা শান্তিনিকেতন মেডিকেল কলেজ এবং কলেজের সঙ্গে সংযুক্ত  
প্রস্তাবিত হাসপাতালের পরিকাঠামো এবং উন্নয়নমূলক কাজকর্ম, পঠন-পাঠন,  
হাসপাতাল স্থাপন এবং রোগীদের পরিষেবা প্রদান ইত্যাদি বিষয়গুলি খতিয়ে  
দেখতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে গতকাল ৭ সদস্যের এক  
উচ্চ পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। এই কমিটি ন্যাশনাল মেডিকেল  
কমিশনের নির্দেশিকা বাস্তবায়ন করার বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর থেকে আরও জানানো হয়েছে যে এই  
কমিটি দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত এবং রাজ্যের এমবিবিএস পাঠরত  
ছাত্রছাত্রীদের কল্যাণে সামগ্রিক বিষয়ে নজরদারি রাখবে। এছাড়াও মধুবনের  
রানীরখামারে সংযুক্ত টিচিং হাসপাতালের নির্মাণ এবং প্রয়োজনীয় পরিকাঠামো  
নির্মাণ সংক্রান্ত বিষয়ে এই কমিটি পর্যায়ক্রমিক পরিদর্শন, মূল্যায়ন, পরামর্শ  
অবশ্যই রাজ্য একটি স্বনামধন্য টার্ণিয়ারি কেয়ার হাসপাতাল প্রতিষ্ঠায় সাহায্য  
করবে। রোগীদের কল্যাণ এবং কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন স্কিম, স্বাস্থ্য  
বীমা যেমন পিএম-জেএওয়াই, সিএম-জেএওয়াই ইত্যাদির বাস্তবায়নেও উল্লিখিত  
কমিটি নজর দেবে। উল্লেখ্য, এই কমিটি ৩০ দিনের মধ্যে প্রাথমিক রিপোর্ট  
জমা দেবে এবং ত্রিপুরা শান্তিনিকেতন মেডিকেল কলেজের এমবিবিএস কোর্সের  
চূড়ান্ত অনুমোদন ন্যাশনাল মেডিকেল কমিশন কর্তৃক দেওয়া পর্যন্ত প্রতি ছয়  
মাস অন্তর রিপোর্ট জমা দেবে।

\*\*\*\*\*